## শুল্কযুদ্ধে স্বস্তি আপাত, চিনের সঙ্গে রইল দ্বন্দ্ব

**নয়াদিল্লি:** ঘরেবাইরে চাপের মুখে পড়ে শেষ মুহূর্তে বর্ধিত শুল্কহার আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। তারপর থেকেই নানা মহলে প্রশ্ন উঠছে, হঠাৎই এই যুদ্ধং দেহি মেজাজ থেকে কেন সরে এলেন মার্কিন প্রেসিডেন্ট? তাহলে কি তিনি ভয় পাচ্ছেন?

বুধবার ভারতীয় সময় গভীর রাতে নিজের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম 'ট্রুথ'-এ ট্রাম্প জানান, আপাতত ৯০ দিনের জন্য চিন বাদ দিয়ে বাকি সমস্ত দেশের উপর শুল্ক আরোপের প্রক্রিয়া স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে তাঁর প্রশাসন। শুল্ক নীতি ঘোষণার পরে ৭৫টিরও বেশি দেশ যোগাযোগ করেছে আমেরিকার সঙ্গে। পালটা শুল্ক চাপায়নি তারা। সেই কারণেই আগামী ৯০ দিন ওই দেশগুলির উপরে বর্ধিত শুল্কহার কার্যকর হবে না। এছাড়াও তাদের উপর ১০ শতাংশ শুল্ক কমানো হবে বলেও জানান মার্কিন প্রেসিডেন্ট। ট্রাম্পের এমন ঘোষণায় স্বভাবতই স্বস্তির নিঃশ্বাস ফেলেছে ভারত। তবে চিনের প্রতি মোটেই তুষ্ট নন ট্রাম্প। তাই বেজিংকে অবিলম্বেই ১২৫ শতাংশ হারে শুল্ক গুনতে হবে বলেও জানিয়েছেন ট্রাম্প। ট্রাম্প বলেছেন, "জিনপিং যথেষ্ট বুদ্ধিমান। উনি জানেন কখন কী করতে হয়।" তবে শুধু ৭৫টি দেশের আর্জির কারণেই নয়, বিপুল শুল্ক হার নিয়ে রিপাবলিকানদের মধ্যেই অসন্তোষ তৈরি হয়েছে। তাঁদের মত, ট্রাম্পের এহেন আচরণে বাণিজ্য যুদ্ধ শুরু হয়ে যাবে বিশ্বজুড়ে যার প্রভাব পড়বে বাজারে। যেভাবে আমেরিকা-সহ নানা দেশের বাজারে রক্তক্ষরণ শুরু হয়েছে, কর কার্যকর হলে সেটা আরও বাড়বে।

## প্রেমের টানেই স্বামী-তিন সন্তানকে ত্যাগ শবনমের

**লখনউ:** ভালোবাসার জন্য মানুষ কী না করে! তারই প্রমাণ উত্তরপ্রদেশে। কিশোর প্রেমিকের সঙ্গে ঘর বাঁধার টানে স্বামী ও সন্তানদের ছাড়লেন উত্তরপ্রদেশের এক গৃহবধূ। আমরোহার বাসিন্দা ওই গৃহবধূ শবনম জানিয়েছেন তাঁরক প্রেমিক কিশোর এখনও প্রাপ্তবয়স্ক নন বলে, এখনই বিয়ে করতে পারবেন না তাঁরা। কিন্তু তিনি প্রাপ্তবয়স্ক হলেই একটি নতুন অধ্যায় শুরু করবেন তাঁরা। চাঞ্চল্যকর এই ঘটনায় শোরগোল যোগীরাজ্যে।

সর্বভারতীয় সংবাদমাধ্যম সূত্রে খবর, ঘটনাটি ঘটেছে উত্তরপ্রদেশের আমরোহায়। জানা গেছে, আট বছর আগে সৈয়দকে সঙ্গে বিয়ে করেন

### বদল করলেন ধর্মও

শবনম। সেটি তাঁর দ্বিতীয় বিয়ে। বর্তমানে তিনি তিন সন্তানের মা। এক বছর আগের এক দুর্ঘটনাই তাঁর জীবনে আরও একটি নতুন মোড় নিয়ে এল। গতবছর দুর্ঘটনার কবলে পড়েন সৈয়দ। তারপর থেকে তিনি শয্যাশায়ী। তখন থেকেই প্রতিবেশী কিশোরের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ে বছর ২৬ -এর গৃহবধূর। প্রেমের সম্পর্কে জড়িয়ে পড়েন তিনি।

বিষয়টি জানাজানি হতেই অশান্তি শুরু হয় দুই বাড়িতে। বিষয়টি পঞ্চায়েত পর্যন্ত গড়ায়। সেখানেই দুই পরিবারের উপস্থিতিতে সিদ্ধান্ত হয়, শবনম নিজের ইচ্ছেয় যা খুশি করতে পারেন। শবনম নিজেও জানান, তিনি প্রাপ্তবয়স্ক, কার সঙ্গে থাকবেন সেটা তাঁর নিজের সিদ্ধান্ত। পরে শবনমের সিদ্ধান্তে সম্মতি দেয় দুই পরিবার এবং পঞ্চায়েতও। সম্প্রতি ওই কিশোরের সঙ্গেই পালিয়ে গিয়েছেন শবনম। এমনকী, নিজের নাম এবং ধর্মও পরিবর্তন করেন। প্রেমিকের 'শিব' নামের সঙ্গে মিলিয়ে বর্তমানে তিনি শিবানী নামে পরিচিত। তাঁর প্রেমিক শিব ১৮ বছরে পা দিলেই আইনি বিয়ে সারবেন তাঁরা। সৈয়দের সঙ্গে বিয়ের আগেও শবনম বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছিলেন। এবার তাঁর তৃতীয় সংসার বাঁধার পালা।

## হাসিনার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

**নিজস্ব সংবাদদাতা, ঢাকা :** ঢাকার উপকণ্ঠে পূর্বাচলে রাজউকের প্লট বরাদ্দে দুর্নীতির অভিযোগে দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল-সহ ১৮ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে আদালত। ক্ষমতার প্রভাব খাটিয়ে পূর্বাচলে হাসিনা পরিবারের জন্য ৬০ কাঠার প্লট বরাদ্দে অনিয়ম-দুর্নীতির প্রমাণ পাওয়ায় এই মামলা করা হয়। এটি অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে গঠিত কমিশনের পক্ষ থেকে শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে প্রথম মামলা। মামলায় বলা হয়, আসামিরা পরস্পর যোগসাজশে ক্ষমতার অপব্যবহার করে ১০ কাঠার ছয়টি প্লট বরাদ্দ ও গ্রহণ করেন। যা দুর্নীতি হিসেবে শাস্তিযোগ্য অপরাধ। প্লট বরাদ্দ প্রক্রিয়ায় জড়িত অন্যদের বিরুদ্ধেও পর্যায়ক্রমে মামলা করা হবে।

এদিকে, এদিকে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে পতন হওয়া হাসিনা সরকারের প্রাক্তন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান-সহ আওয়ামি লিগের ১০ নেতার বিরুদ্ধে ইন্টারপোলে রেড নোটিশ জারির আবেদন করতে আইজিপিকে চিঠি পাঠানো হয়েছে বলে জানিয়েছেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

## পাইলটের মৃত্যু

**নয়াদিল্লি :** অবতরণের পরে বিমানের ভিতরেই বমি করতে শুরু করেছিলেন তিনি। বুকে ব্যথা অনুভব করেন। পরিস্থিতির গুরুত্ব বুঝে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেসের ওই পাইলটকে হাসপাতালে নিয়ে যাওয়ার বার্তা পাঠিয়েছিলেন কো-পাইলট। কিন্তু চিকিৎসার সুযোগ না দিয়েই তিনি মারা যান। মৃত পাইলটের বয়স ২৮ বছর। এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস জানিয়েছে, ''অসুস্থতার কারণে একজন মূল্যবান সহকর্মীর মৃত্যুতে গভীরভাবে শোকাহত। শোকের এই সময়ে সমবেদনা তাঁর পরিবারের সঙ্গে রয়েছে। এই ক্ষতি মোকাবিলায় তাঁদের সকল সহায়তা দিচ্ছি।''

## ফেস অথেন্টিকেশনে পিএফ ইউএএন আইডি-র সুবিধা ইপিএফও

**নয়াদিল্লি :** ডিজিটাল পদক্ষেপে আরও একধাপ এগোল এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন (ইপিএফও)। এবার থেকে কোনও সদস্য নিজের ছবিকে ব্যবহার করেই তৈরি করতে পারবেন নিজেদের ইউএএন আইডি। অর্থাৎ, এবার ইউএএন (ইউনিভার্সাল অ্যাকাউন্ট নম্বর ) তৈরি করার বিষয়ে সদস্যদের নিজের ছবি অর্থাৎ ফেস অথেনটিকেশনকে ব্যবহার করার দিকে জোর দেওয়া হচ্ছে। এর ফলে ইপিএফও-কে সদস্য অ্যাকাউন্ট ব্যবহার আরও সহজ হবে। বস্তুত, এই পদক্ষেপটি ইপিএফও-এর পরিষেবা এবং প্রক্রিয়াগুলিকে সহজ করার জন্য নতুন 'ইপিএফও ২.০' -এর অংশ।

সরকার জানিয়েছে, নিয়োগকর্তা এবং কর্মচারী উভয়ই সরকারের উমাঙ্গ অ্যাপের মাধ্যমে ফেস অথেন্টিকেশনের মাধ্যমে ইউএএন নম্বর তৈরি করতে পারবেন। এটি ভুল ব্যক্তিগত বিবরণ বা মোবাইল নম্বর হারিয়ে যাওয়ার মতো সাধারণ সমস্যাগুলি সমাধান করবে বলে আশা করা হচ্ছে, যা অতীতে প্রায়শই ইউএএন ব্যবহারে সমস্যার সৃষ্টি করত করত। ফলে সদস্যদের পরিষেবা পেতে দেরী হত। ৯ এপ্রিলের সার্কুলার অনুসারে, "এই যোগাযোগহীন এবং সুরক্ষিত পরিষেবা কোটি কোটি ইপিএফও সদস্যকে ঝামেলামুক্ত এবং সম্পূর্ণ ডিজিটাল পরিষেবা প্রদানের ক্ষেত্রে একটি বড় পদক্ষেপ।"

## কমল পূর্বাভাস

**নয়াদিল্লি:** আপাতত স্থগিত রাখা হলেও আমেরিকার পরিকল্পিত শুল্কনীতির জেরে বিশ্ব বাণিজ্য ও নীতি চূড়ান্ত অনিশ্চয়তার মুখে পড়ছে বলেই মনে করছেন রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর সঞ্জয় মালহোত্রা। বিশ্বের অর্থনৈতিক ক্ষেত্রে যে ঝুঁকি মাথা তুলেছে তার প্রভাব পড়ছে আর্থিক বৃদ্ধি ও মূল্যবৃদ্ধিতে। এই সব কিছু মাথায় রেখেই কমানো হয়েছে আর্থিক বৃদ্ধির পূর্বাভাস। আগে বলা হয়েছিল বৃদ্ধি ৬.৭% হতে পারে। বুধবার আরবিআইয়ের বৈঠকের পর জানানো হয়েছে, বৃদ্ধির পূর্বাভাস বিষয়ক অনুমান নামানো হয়েছে ৬.৫%। গভর্নরের মতে, আন্তর্জাতিক দুনিয়ায় যে অস্থিরতা রয়েছে তা রপ্তানি বাণিজ্যে ঘা দেবে। বাণিজ্যে বিপর্যয়ের ঝাপটাই অর্থনীতির পথে বাধা তৈরির করার ঝুঁকি বহাল রাখছে।

## বিতর্কে এনজিও

**জয়পুর :** গরিব পরিবার থেকে মেয়েদের 'কিনে' চড়া দামে বিক্রি করা হত হবু পাত্রদের কাছে। রাজস্থানের একটি 'স্বেচ্ছাসেবী' সংস্থার এই বেচাকেনার কাহিনি সম্প্রতি প্রকাশ্যে এসেছে। কোনও রকমে ওই সংস্থার খপ্পর থেকে পালিয়ে পুলিশকে গোটা ঘটনার কথা জানায় ১৬ বছরের এক কিশোরী। তার পরেই পুলিশ রাজস্থানের ওই 'স্বেচ্ছাসেবী' সংস্থার ডেরায় হানা দেয়। গ্রেপ্তার করা হয়েছে সংস্থার প্রধান গায়ত্রী বিশ্বকর্মাকে। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, রাজস্থানের জয়পুর থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে বসসি এলাকার সুজনপুরা গ্রামে ওই সংস্থার ডেরা। সংস্থাটির নাম 'গায়ত্রী সর্বসমাজ ফাউন্ডেশন'।

# খেলা

### নতুন ইনভেস্টরের খোঁজে মহামেডান

## মুখ্যমন্ত্রীকে চিঠি লিখতে পারেন সাদা-কালো কর্তারা

**স্টাফ রিপোর্টার:** নতুন ইনভেস্টরের খোঁজে নেমে পড়ল মহামেডান। আপাতত দুটি সংস্থার সঙ্গে প্রাথমিক কথা হয়েছে বলে জানিয়েছেন মহামেডান সভাপতি আমিরুদ্দিন ববি। সেই সংস্থা থেকে যদি আগামী সপ্তাহের মধ্যে কোনও রকম ইতিবাচক আলোচনা না বেরিয়ে আসে, তা হলে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দ্বারস্থ হতে পারেন সাদা-কালো কর্তারা। শুক্রবার ক্লাবের তরফ থেকে চিঠি দিয়ে এফএসডিএলকে পুরো বিষয়টি জানিয়ে চিঠি দিচ্ছেন সাদা-কালো কর্তারা। সেখানে তিন মাসের সময় চাওয়া হবে বলে জানা গিয়েছে। এই তিন মাসের মধ্যে ক্লাবের ইনভেস্টর সংক্রান্ত সমস্যা মিটিয়ে নেওয়া হবে বলে জানিয়েছেন ক্লাবের সভাপতি আমিরুদ্দিন ববি।

এদিকে বর্তমান ইনভেস্টর শ্রাচি গ্রুপের তরফ থেকে আগেই এফএসডিএলকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে, যেহেতু মহামেডান ক্লাব কর্তারা শেয়ার হস্তান্তর করেননি তাই আর ফুটবল দলের দায়ভার গ্রহণ করছে না শ্রাচি। যদিও মহামেডান সভাপতি বলছেন, "ক্লাবের তরফ থেকে চুক্তি ইমেল করে পাঠানো হলেও কোনও জবাব পাওয়া যাচ্ছে না শ্রাচির তরফ থেকে। আমরা শুক্রবার ইমেল করে এফএসডিএলকে জানিয়ে দিচ্ছি আগামী তিন মাসের মধ্যে এই সমস্যার সমাধান করে দেব। এই মুহূর্তে দুটো কোম্পানির সঙ্গে কথা চলছে। আগামী এক সপ্তাহের মধ্যে যদি ইতিবাচক আলোচনা না দেখি তাহলে মুখ্যমন্ত্রীকে চিঠি লিখে জানাব।"

সুপার কাপে নামার আগে ফুটবলাররা এক মাসের বেতন ও দু মাসের অ্যালাউন্স চেয়েছেন। সেই অর্থ জোগাড় হয়নি এখনও। আপাতত মহামেডানের কোচ ও ফুটবলার নিয়ে মোট ছয় জন বেতন না পেয়ে ফিফাকে চিঠি দিয়েছেন। আরও দুই বিদেশি ফুটবলার ফিফায় যাওয়ার পরিকল্পনা করছেন।

## রাফিনহাদের স্বপ্নের দৌড়ে সেমিফাইনালের পথে বার্সা

**স্টাফ রিপোর্টার :** এ যেন বার্সেলোনার জার্সিতে মেসি-নেমার-সুয়ারেজ ত্রয়ীর প্রত্যাবর্তন! অন্তত রবার্ট লেয়নডস্কি, রাফিনহা, লামিন ইয়ামালরা যে ফুটবলটা খেলছেন, তাতে এক দশক আগে কাতালান ক্লাবটার স্বর্ণযুগের কথা মনে পড়বেই। যে স্বপ্নের ফুটবলে বুধবার রাতে চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বে বরুসিয়া ডর্টমুন্ডকে ৪-০ গোলে উড়িয়ে দিল বার্সা। সঙ্গে কার্যত নিশ্চিত হয়ে গেল তাদের শেষ চারের টিকিট।

হ্যান্সি ফ্লিকের হাতে পরে পুরোপুরি বদলে গিয়েছে বার্সেলোনা। চেনা পাসিং ফুটবলের সঙ্গে যোগ হয়েছে 'ফিনিশিং'-এর জার্মান দর্শন। মরশুমে এই নিয়ে ২১ বার ম্যাচে চার বা তার বেশি গোল করল বার্সা। এ যেন সেই দ্বৈত দর্শনের প্রমাণ। আর ফ্লিকের দলের এই গোলবন্যার প্রধান চরিত্র নিশ্চিতভাবেই শুরুতে বর্ণিত তিন ফুটবলার। যাঁরা প্রত্যেকেই গোল করলেন ডর্টমুন্ডের বিরুদ্ধে। লেয়নডস্কি দু'টো, রাফিনহা-ইয়ামাল একটা করে।



গোলের পর ইয়ামালের উৎসব।

রাফিনহা ১২ গোল করে এখন চ্যাম্পিয়ন্স লিগের সর্বোচ্চ গোলদাতা। এই ম্যাচে তিনি আবার গোল করালেন আক্রমণের দুই সঙ্গীকে দিয়েই। 'এমএনএস' আমলের পর এ ছবি কি দেখেছেন বার্সা সমর্থকরা? তিনজনের এমন পারফরম্যান্স প্রসঙ্গে লেয়নডস্কি যেমন বলেই দিয়েছেন, "মাঠের বাইরেও আমাদের সম্পর্ক ভালো। সেটাই মাঠে আমাদের বোঝাপড়া বাড়াতে সাহায্য করে।" অবশ্য শুধু আক্রমণ নয়, এদিন ঘরের মাঠে ডর্টমুন্ডকে সব বিভাগেই টেক্কা দিল বার্সা। রক্ষণে পাউ কুবার্সি, ইনিগো মার্টিনেজদের দাপটে বিশেষ সুযোগই তৈরি করতে পারল না জার্মান ক্লাবটি। ফিরতি পর্বে এই বার্সার বিরুদ্ধে ৪ গোলের ব্যবধান ঘুচিয়ে ডর্টমুন্ড জিতবে, তেমন ভবিষ্যদ্বাণী করছেন না প্রায় কেউই।

চ্যাম্পিয়ন্স লিগের অন্য ম্যাচে জিতল প্যারিস সাঁ জাঁও। ঘরের মাঠে কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বে অ্যাস্টন ভিলাকে তারা হারাল ৩-১ ব্যবধানে। ম্যাচে অবশ্য প্রথমে মর্গান রজার্সের গোলে এগিয়ে গিয়েছিল ইংল্যান্ডের ক্লাবটিই। তবে প্রথমার্ধেই ডিজায়ার ডুয়ের গোলে সমতা ফেরায় সদ্য লিগ ওয়ানের চ্যাম্পিয়ন ক্লাবটি। দ্বিতীয়ার্ধের শুরুতে ভিচা কারাৎস্কেলিয়া এগিয়ে দেয় পিএসজিকে। নুনো মেন্ডেসের গোল তাদের জয়ের ব্যবধান বাড়ায়।

## অলিম্পিকে ছয় দলের ক্রিকেট

**স্টাফ রিপোর্টার :** লস অ্যাঞ্জেলেস গেমস দিয়ে অলিম্পিকে প্রত্যাবর্তন হচ্ছে ক্রিকেটের। আর তিন বছর পর এই প্রতিযোগিতায় ক্রিকেট হবে ছ'টি দেশকে নিয়ে। অর্থাৎ পুরুষ ও মহিলা- দুই বিভাগেই ছ'টি করে দেশ অংশ নিতে পারবে। তবে সেই ছয় দল কীভাবে নির্বাচিত হবে বা প্রতিযোগিতার ফরম্যাট কী হবে, তা এখনও জানানো হয়নি। অলিম্পিকে ক্রিকেট হবে টি-টোয়েন্টি ফরম্যাটে। প্রথমবারে জন্য অলিম্পিকে দেখা যাবে কম্পাউন্ড তিরন্দাজি। এই বিভাগে শুধু মিক্সড টিম ইভেন্টেই হবে। ফুটবলে ছেলেদের দল কমিয়ে ১২ করার পাশাপাশি মেয়েদের দল বাড়িয়ে ১৬ করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## হলিউডে এবার স্টুডিও খুলছেন সিআর সেভেন




ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

**স্টাফ রিপোর্টার :** পোশাক, প্রসাধন এবং হোটেল ব্যবসা আগেই শুরু করেছিলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। এবার তিনি শুরু করতে চলেছেন একটি ফিল্ম স্টুডিও। হলিউডের বিখ্যাত পরিচালক ম্যাথু ভনের সঙ্গে যুগ্মভাবে এই স্টুডিও চালু করছেন পর্তুগিজ মহাতারকা। স্টুডিওর নাম রাখা হয়েছে 'ইউআরমার্ভ' স্টুডিও। এ প্রসঙ্গে রোনাল্ডোর বার্তা, 'এটা আমার জন্য একটা আকর্ষণীয় অধ্যায়, কারণ আমি ব্যবসার ক্ষেত্রে নতুন প্রকল্প শুরু করতে চলেছি।' অন্যদিকে কিংসমেনের মতো সফল ফ্র্যাঞ্চাইজির পরিচালক ভনের বিবৃতি, 'মাঠে ক্রিশ্চিয়ানো যে রূপকথার জন্ম দিয়েছে, কলম দিয়ে তা লেখা সম্ভব নয়। আশা করছি আমরা একযোগে ওর মতোই অনুপ্রেরণা দেওয়া সিনেমা তৈরি করতে পারব। ও বাস্তবের সুপারহিরো।' গত আগস্টে নিজের ইউটিউব চ্যানেল শুরু করেছেন রোনাল্ডো। এবার রুপোলি পর্দার সঙ্গে আরও বাড়ল এই মহাতারকার যোগাযোগ।

## আস্থা হারাচ্ছে রিয়াল, বিদায়ের মুখে কার্লো

**স্টাফ রিপোর্টার :** প্রথমে ভ্যালেন্সিয়া। তারপর আর্সেনাল। মরশুমের গুরুত্বপূর্ণ সময়ে পরপর ম্যাচ হেরে লা লিগা এবং চ্যাম্পিয়ন্স লিগ- দুই প্রতিযোগিতাতেই শেষ হতে বসেছে রিয়াল মাদ্রিদের আশা। আর তার প্রভাবে এবার চাকরি যেতে পারে দলের কোচ কার্লো আন্সেলোত্তির। আগামী সপ্তাহে আর্সেনাল ম্যাচটাই কার্যত 'ডেডলাইন' তাঁর কাছে। ঘরের মাঠের সেই ম্যাচ রিয়াল নামবে ০-৩ গোলে প্রথম পর্বের হার সঙ্গী করে। ফলে সেই বিশাল ব্যবধান পার করে আর্সেনালকে না হারাতে পারলে এবারের মতো চ্যাম্পিয়ন্স লিগ থেকে বিদায় নেবে তারা। আর তার সঙ্গেই ছেঁটে ফেলা হতে পারে আন্সেলোত্তিকে।

এমনিতে দ্বিতীয় দফায় রিয়ালের দায়িত্ব নিয়ে চ্যাম্পিয়ন্স লিগ ও লা লিগার মতো ট্রফি একাধিকবার জিতেছেন আন্সেলোত্তি। তবে চলতি বছরটা একেবারেই ভালো যাচ্ছে না তাঁর। বছরের শুরুতেই সুপার কোপার ফাইনাল হেরেছেন, তাও আবার চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনার কাছে পাঁচ গোল খেয়ে। কোপা ডেল রে-র ফাইনালে আবার সেই প্রতিপক্ষের বিরুদ্ধেই খেলবে রিয়াল। তবে লা লিগা ও চ্যাম্পিয়ন্স লিগের দৌড়ে অনেকটাই পিছিয়ে পড়েছে রিয়াল। তাতেই অনিশ্চিত হয়ে পড়েছে রিয়ালে আন্সেলোত্তির ভবিষ্যৎ। এমনিতে ২০২৬ মরশুম পর্যন্ত চুক্তি থাকলেও এখনই ইতালিয়ান কোচকে বিদায় জানাতে



চাপে কার্লো আন্সেলোত্তি।

পারে মাদ্রিদের ক্লাবটি। এমনকি মরশুমের মাঝেই দায়িত্ব নেওয়ার জন্য রিয়ালের প্রাক্তন তারকা জাভি আলান্সোকে ক্লাব ম্যানেজমেন্ট রাজি করিয়ে ফেলেছে বলে খবর। পুরোটাই নির্ভর করছে আগামী সপ্তাহের আর্সেনাল ম্যাচের ফলাফলের উপর।

তবে রিয়াল থেকে আন্সেলোত্তি বিদায় নিলে ব্রাজিল সমর্থকরা খুশিই হবেন। এই মহাতারকা কোচকে জাতীয় দলের দায়িত্ব দেওয়ার জন্য দীর্ঘদিন ধরেই চেষ্টা চালিয়ে যাচ্ছে সেদেশের ফুটবল ফেডারেশন। মাঝে চুক্তি একপ্রকার চূড়ান্ত হয়ে গেলেও ফেডারেশনের আভ্যন্তরীন সমস্যায় তা ভেস্তে যায়। বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে বিশেষ ভালো জায়গায় নেই সেলেকাও ক্যানারিনহোরা। ক্রমাগত খারাপ ফলের জেরে ছাঁটাই করা হয়েছে কোচ ডোরিভাল জুনিয়রকে। ফলে এমন অবস্থায় রিয়াল ছাড়লে আন্সোলত্তির ব্রাজিলের কোচ হওয়ার সম্ভাবনাই যে বেশি, তা বলাই বাহুল্য।

GOVERNMENT OF WEST BENGAL
ABRIDGED NIT
On behalf of Muriganga-II Gram Panchayat of Sagar Block under S 24 pgs dist. invite bid from **Const of New room at GP Office NIT No-23/MG-II/T/2025 Date : 1/04/2025** within the GP area. The Est. Cost including GST & L.Cess is Rs. @ 207031/- respectively. The last Date of submission of online Bid is **22/04/2025 upto 11:00 A.M.** For details please visit **www.wbtenders.gov.in**
**Sd/- Pradhan, Muriganga-II GP**

**E Tender Notice**
e-Tenders are being invited by the undersigned from bonafied agencies for 21 nos Civil works in different ward under Bankura Municipality vide Tender Reference No. WBMAD/CM/BM/HFA/2/SL1-21/25-26 vide this office memo no. 0096/VIII-14 dated 09/04/2025; Tender IDs: 2025_MAD_834767_1 to 21 Bid submission closing date 02/05/2025 up to 18.00 Hrs. (IST). The details of above tenders may be seen at http://wbtenders.gov.in
**Sd/- Chairperson Bankura Municipality**

**NOTICE**
Director, Zoological Garden, Alipore is inviting e-tender NIT NO: 23/ZGA/e-tender/2025, 24/ZGA/e-tender/2025, 25/ZGA/e-tender/2025, 26/ZGA/e-tender/2025, 27/ZGA/e-tender/2025, 28/ZGA/e-tender/2025, 29/ZGA/e-tender/2025, 30/ZGA/e-tender/2025, 31/ZGA/e-tender/2025, 32/ZGA/e-tender/2025, and the last date of submission of documents online is 19.04.2025. For details see website **wbtenders.gov.in** & **kolkatazoo.in.**
**CF & Director Zoological Garden, Alipore**

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
Asansol Office: Vivekananda Sarani, (Sen-Raliegh Road), Near Kalyanpur Housing Road, Asansol - 713305
**E-NIT No.- ADDA/ASN/ED/N-03 of 2025-2026 Dated. 09.04.2025**
Executive Engineer (Civil), ADDA, Asansol invite Online percentage rate Tender (Two Bid System in two Parts) in Authority's Contract Form from reliable, resourceful and experienced Contractors; for other details visit our website: wbtenders.gov.in, www.addaonline.in or ADDA office, Asansol.
**Sd/- E.E.(Civil), ADDA, Asansol**

GOVERNMENT OF WEST BENGAL
E-TENDER NOTICE
OF WEST BENGAL STATE WAREHOUSING CORPORATION (A STATUTORY CORPORATION) OF SE, W.B.S.W.C.
email:- ce-swc@wb.gov.in
NIET No. 04 of 2025-26 of SE/WBSWC Tender ID - 2025_WBSWC_834504_1
Repairing work for water distribution line and grill gate at Kandi RIDF godown in the district of Murshidabad. LAST DATE OF SUBMISSION - 21.04.2025. For detailed NIET see https://etender.wb.nic.in Sd/-Superintending Engineer, West Bengal State Warehousing Corporation
ICA-T7472(3)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
AE/PWD/HCSD-I, invites e-Tender for NIeT-01/HCSD-I/PWD OF 2025-2026. Tender ID: 2025_WBPWD_834933_1. Bid submission start date (online) : 12.04.2025 from 11.00a.m. Bid Submission closing date (online) : 25.04.2025 at 11.00a.m. Corrigendum if any will be published in website only. Details of NIeT and Tender documents maybe downloaded from http://wbtenders.gov.in Sd/- Assistant Engineer, PWD Haldia Construction Sub Division No.I.
ICA-T7455(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD E-TENDER NOTICE
NIeT vide Tender Reference No: WBPWD/AE/LB/NIeT-01/2025-2026 of AE, PWD, Lalbazar Sub-Division, has been invited through Online mode. Tender ID: 2025_PWD_834631_1. Name of Works: Cleaning And Disinfecting Underground Reservoir & Overhead G.I. Tank Of Lalbazar Kolkata Police Head Quarter During The Year 2025-26 (S&P) Works. (Rs. 1,58,498.00) Date of Submission start: 14-04-2025 (from 11:00 am onwards) Date of Submission end: 21-04-2025 (upto 03:30 pm) Sd/- Assistant Engineer, Lalbazar Sub-Division. Public Works Directorate.
ICA-T7438(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-Tender is invited by the Assistant Engineer, Gopiballavpur Sub-Division, PHE Dte. on behalf of Governor of West Bengal vide Ref. No. eNIT No. 16 of AE/GPSD of 2024-2025 (2ND CALL) and ID: 2025_PHED_831657_1 for various works in Jhargram District. Details will be available in the website wbtenders.gov.in The last date for submission of tender is 28.04.2025 upto 18:00 Hours. Sd/- Assistant Engineer, Gopiballavpur Sub-Division, PHE Dte.
ICA-T7430(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-Tender is invited by the Assistant Engineer, Eastern Mechanical Sub-Division-II, PHE Dte., Kalyani, Dist.-Nadia on behalf of Governor of West Bengal vide Ref. Tender ID: 2025_PHED_834366_1 for the works mentioned in the NIeT No. 02 of AE/EMSD-II of 2025-26. The last date for bid submission (both Tech. & Fin.) is 23/04/2025 upto 11:00 hrs. Details will be available in the website www.wbtenders.gov.in and www.wbphed.gov.in Sd/- Assistant Engineer, Eastern Mechanical Sub-Division-II, PHE Dte.
ICA-T7421(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-Tender is invited by the Assistant Engineer, Gopiballavpur Sub-Division, PHE Dte. on behalf of Governor of West Bengal vide Ref. No. eNIT No. 01 of AE/GPSD of 2025-2026 and ID: 2025_PHED_834091_1 for various works in Jhargram District. Details will be available in the website wbtenders.gov.in The last date for submission of tender is 25.04.2025 upto 18:00 Hours. Sd/- Assistant Engineer, Gopiballavpur Sub-Division, PHE Dte.
ICA-T7429(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
The online bids are invited by the undersigned for the work of:(I)" Servicing & Re-Commissioning of existing fire alarm systems at Baranagar S.G. Hospital, Baranagar in the district of North 24 parganas. (Tender ID-2025_WBPWD_834843_1) Visit Website - https://wbtenders.gov.in for detail of Tenders. Sd/-B.Biswas. Assistant Engineer, PWD BKP Elec. Sub-Division.
ICA-T7458(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
A.E., Rampurhat Highway Sub Division, P.W.(Roads) Dte, Rampurhat, Birbhum invites online Tender for the work of - NIT-01 ( Sl No. 01 ) Estimated Amount- Sl No 1) Rs 455274.77 Tender ID- Sl No 1) 2025_WBPWD_834801_1. e N.I.T. No. 01 (Sl No- 01 ) of 2025-26 Bid Submission start date (online) : 10.04.2025 from 11.00 a.m. Bid Submission closing date (online): 28.04.2025 upto 2.00 p.m. Corrigendum if any will be published in the website only Details of N.I.T and Tender Documents may be downloaded from : http://wbtenders.gov.in Sd/- Assistant Engineer Rampurhat Highway Sub Division P.W.(Roads) Dte.
ICA-T7454(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
AE/PWD/CSD, invites e-Tender for 1. Repair and Maintenance work to Digha-Mohana road from 0.00 kmp to 1.50 kmp in patches by bituminous Potholes, 20 mm thick Premix carpet and type-B Seal Coat during 2025-26. NIeT No. 02/CS of 20252026. Tender ID : 2025_WBPWD_834819_1. Bid submission start date (online) : 09.04.2025 from 16.00 Hours Bid Submission closing date (online) : 17.04.2025 at 10.00 Hours Corrigendum if any will be published in website only. Details of NIeT and Tender documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/- Assistant Engineer, P.W.D Contai Sub-Division.
ICA-T7447(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
Tender Notice
Online e-tender is invited by the office of the Assistant Engineer, Electrical Sub Division-I, Housing Directorate:- eNIT No:**WBHD/AE/ESD-I/eNIT-02/2025-26**,Tender id - **2025_HSD_835053_1**, Name of work:-"Replacement of very old and damaged Electrical Accessories related to Pump Feeder Box, Compound and staircase of different Govt. Housing Estate under Howrah Electrical Section, H.D". Bid Submission end date: 22.04.2025 upto 12 P.M, Tender Opening Date: 25.04.2025 after 12 P.M, Website-wbtenders.gov.in, Tender Location-Minto Park Govt. Housing.Tender details may be obtained from Office of the Assistant Engineer, Electrical Sub-Division-I, Housing Directorate,53, Dr Sundari Mohan Avenue, Kolkata-700014 on all office days during office hours.
ICA-T7413(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
Tender Notice
Online e-tender is invited by the office of the Assistant Engineer, Electrical Sub Division-I, Housing Directorate:-eNIT No:**WBHD/AE/ ESD-I/eNIT-01/2025-26**,Tender id- **2025_HSD_834987_1**, Name of work:-"Replacement & Renovation of existing lighting system at staircase, balcony and community hall at Minto Park RHE, Khidurpur RHE & 48 Tangra RHE Govt. Housing Estate for maintenance work under South Kolkata Electrical Section- I, H.D".Bid Submission end date: 22.04.2025 upto 12 P.M, Tender Opening Date: 25.04.2025 after 12 P.M, Website-wbtenders. gov.in, Tender Location-Minto Park Govt. Housing.Tender details may be obtained from Office of the Assistant Engineer, Electrical Sub-Division-I, Housing Directorate,53, Dr Sundari Mohan Avenue, Kolkata-700014 on all office days during office hours.
ICA-T7412(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-N.I.T No.WBIW/EE/BDD/NIT- 01(e) /2025-26, On behalf of the Governor, West Bengal, e-tender is invited by the Executive Engineer, Bidyadhari Drainage Division, from the eligible reliable, bonafide & resourceful contractors for 01 (One) no. Works amounting Rs. 2.40 Lakh (approx). All necessary details may be had in Govt. website www.wbiwd.gov.in or https://wbtenders.gov.in. Publishing date: 11.04.2025 on 12.00 hrs., Bid submission Start date: 11.04.2025 from 12.30 Hrs., Bid submission end date:17.04.2025 till 12.30 Hrs.
**Sd/- Executive Engineer Bidyadhari Drainage Division Taki Road Barasat, Kol-700124.**
ICA-T7379(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING e-TENDER
Name of the work:- Construction of concrete approach road AT North of Wholesale Vegetable Market Phase III at Principal Market Yard under Nadia Zilla Regulated Market Committee.
Tender ID:- 2025_WBSMB_830835_1
Tender Amount:- 326660.00
Vide NIT No:- NZRMC/eT/SECY/11/2nd Call/2024-25, Dated – 24.03.2025.
The last date for submission of Tender is on :- **25.04.2025** up to 12.00 pm.
The detailed information regarding e-NIT will be available on the **https://wbtenders.gov.in Sd/- Secretary, Nadia Zilla Regulated Market Committee**
ICA-T7373(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-Tender Notice
e-N.I.T. No-WBIW/EE/MEDM/ e-N.I.T.-03/2025-26
On behalf of the Governor of W.B. the Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore invites online tender for Two (02) nos. Electrical Work under website: **www.wbtenders.gov.in**, bearing Tender ID nos. **2025_IWD_832592_1&2025_IWD_832592_2.** Last date and time for application of tender is 19.04.2025 UP TO 03:00 P.M. Detailed information is available from the office of the undersigned and departmental website: **www.wbiwd.gov.in** Sd/- A.K. Ghosh, Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore Khasjungle, P.O-Abas, District-Paschim Medinipur.
ICA-T7370(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD CORRIGENDUM
Superintending Engineer, P.W.D, Southern Electrical Circle invites online e-Tender for the work :- Construction of (G+2) storied 50 Bedded Critical Care Block at Barasat Government Medical College & Hospital Campus, Barasat, North 24 Parganas District — SITC of Air Conditioning System. NIT No: WBPWD/SESEC/eNIT 01/25-26 Tender Id: 2025_WBPWD_832661_1 Bid proposal submission start date (Online): 17/04/2025 Bid Submission Closing date (Online): 06/05/2025. Instated of Bid proposal submission start date (Online): 09/04/2025 Bid Submission Closing date (Online): 02/05/2025. Details of NIT & tender documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/-Superintending Engineer, P.W.D Southern Electrical Circle.
ICA-T7456(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-Tender is invited by the Executive Engineer, Asansol Mechanical Divn., P.H.E Dte. on behalf of Governor of West Bengal vide Ref No. WBPHED/EE/AMD/NIeT-03 of 2025-2026 and ID: 2025_PHED_834566_1 to 2025_PHED_834566_5 O&M Work under Asansol Mechanical Division, P.H.E. Dte. For details visit website https://wbtenders.gov.in The last date submission of tender is 17-04-2025 upto 11.00 hrs. Sd/- Executive Engineer, Asansol Mechanical Division, PHE Dte.
ICA-T7420(1)2025

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
E.E. Nadia Highway Divn.No.- II, P.W.(Rds) Dte., Kalyani, Nadia invites tenderfor (Sl. No.:01)--Emergent Repairing and Rehabilitation work of "Bridge over 12 Maser Khal" on Ranaghat Krishnagar State Highway (SH-11) at Ch. 5.70 th. Km under Ranaghat Highway Sub-Division, Estimated Amount: Rs. 11,19,934.00/-. NIeT NO.-01 (Sl No.-1) of EE/NHD-II, P.W.(Roads)Dte. Tender Id: 2025_WBPWD_834598_1. Bid Submission start date& time (online): 09.04.2025from5.00 pm. Bid Submission end date & time (online):28.04.2025 upto 12.00 hrs. Corrigendum if any will be published in website only. Details of NIT and tender Documents may be downloaded from http://wbtenders.gov.in Sd/- (P. BHATTACHARJEE) Executive Engineer, Nadia Highway Divn. No.-II P.W.(Rds)Direct.
ICA-T7439(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
KMDA TENDER NOTICE
e-NIT No. 01/EE/DIV-IV/Housing (BSUP)/KMDA of 2025-2026
Online e-Tender is invited by the Executive Engineer, DIV-IV, Housing (BSUP), Housing Sector, KMDA, 6th Floor, Block-A, Unnayan Bhawan, Salt Lake City, Kolkata-700091, from reliable, resourceful, bonafide and experienced firms / companies / individual contractors, for the work, **Name of Work, Estimated Amount, Earnest Money, Time of Completion,** Emergency repairing of Boundary wall and roof treatment works at Block 3 in KIT Housing Scheme No. XII-M under Housing (BSUP) Sector, KMDA., Rs.3,21,379/- (Including GST & LWC), Rs.6,430/-, 02 months, **Last date & time of Online Bid submission:** 18.04.2025 Time: 15.00 hrs, for details contact the above office or visit both websites.
www.kmda.wb.gov.in (KMDA-18)
www.wbtenders.gov.in ICA-T7408(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING TENDER
Bid ref. no. WBMSCL/NIT-277/2025, Dated - 07/04/2025
West Bengal Medical Services Corporation Ltd. is inviting online bids for "Annual Maintenance for 10 nos. of Industrial Water Purifies at College of Medicine and Sagore Dutta Hospital, Kamarhati, N24PGS during the year 2025-2026." Last date of submission of bid (online) - 24 /04/2025, 12:00 PM. The tender document can be downloaded from www.wbmsc.gov.in and www.wbtenders.gov.in on or after 11/04/2025, 3:00 PM. Clarification requests, if any may be sent to eewbmscl.krishnajit@gmail.com or contact with Sri Krishnajit Banerjee, Executive Engineer (Civil), WEST BENGAL MEDICAL SERVICES CORPORATION LIMITED, Swasthya Sathi, GN-29, Sector-V, Salt Lake, Kolkata-700091. Land no: 033-40340359. Sd/- Managing Director, WBMSCL
ICA-T7394(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
ABRIDGED CORRIGENDUM NOTICE
WBIW/EE/MED/e-NIT-17/ 2024-2025(Sl No-06)
On behalf of the Governor of West Bengal, it is to inform that some changes have been made through corrigendum notice in connection with the above mentioned e-NIT under Metropolitan Electrical Division, I & W Dte., Govt. of West Bengal. Last date & time of submission of bid electronically is extended from 07.04.2025 upto 10.00 hours to 16.04.2025 till 10.00 hours. Other details will be available from the notice board of office of the undersigned on working days and also from website. **www.wbiwd.gov.in** and **https://wbtenders.gov.in** Sd/- SANDIP ROY, Executive Engineer, Metropolitan Electrical Division, Jalasampad Bhawan (4th floor), Bidhannagar, Salt Lake City, Kolkata-91, Mobile No.-9476155032.
ICA-T7375(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
e-Tender Notice
e-N.I.T. No.- WBIW/AE-I/MEDM/ e-N.I.T.-01/2025-26
On behalf of the Governor of W.B. the Assistant Engineer-I, Attached to Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore invites online tender for Four (04) nos. Mechanical Work under website: **www.wbtenders.gov.in** bearing Tender ID nos. **2025_IWD_832656_1, 2025_IWD_832656_2, 2025_IWD_832656_3 & 2025_IWD_832656_4.** Last date of application for tender is **19.04.2025 UP TO 06:00 P.M.** Details information is available from the office of the undersigned and departmental website: **www.wbiwd.gov.in** Sd/- S.Mahali, Assistant Engineer-I, Attached to Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore, Khasjungle, P.O-Abas, District-Paschim Medinipur.
ICA-T7372(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING e-TENDER
e-N.I.T. No.- WBIW/AE-I/MEDM/ e-N.I.T.-04/2024-25
On behalf of the Governor of W.B. the Assistant Engineer-I, Attached to Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore invites online tender for Four (04) nos. Mechanical Work under website **www.wbtenders.gov.in** bearing Tender ID nos. 2025_IWD_832656_1, 2025_IWD_832656_2, 2025_IWD_832656_3 & 2025_IWD_832656_4. Last date of application for tender is 19.04.2025 UP TO 06:00 P.M. Details information is available from the office of the undersigned and departmental website **www.wbiwd.gov.in** Sd/- S. Mahali, Assistant Engineer-I, Attached to Executive Engineer, Mechanical & Electrical Division, Midnapore, Khasjungle, P.O-Abas, District- Paschim Medinipur.
ICA-T7369(1)/2025

GOVERNMENT OF WEST BENGAL
KMDA TENDER NOTICE
e-NIT No: 01/EE/KCD/R&B/KMDA of 2025-26
Online Tender is invited by the Executive Engineer, KCD, R&B Sector, KMDA, 7th floor, Block-A, Unnayan Bhavan, Salt Lake City, Kolkata-700091, from reliable, resourceful, bonafide and experienced firms / companies / individual contractors, for the work, **Name of Work, Value of the work, Earnest Money, Time of Completion,** Annual Maintenance work of Bridges of Southern Part of Kolkata located at 1. Kalighat Bridge, Kolkata 2. Single Lane R.C.C Bridge over T.P main Khal at Rajapur, ward no 103, 3. 2m wide Foot over RCC Bridge over T.P main Khal at Rajapur, ward no 103, 4. Single Lane R.C.C Bridge over Rania Khal near pal para at ward No.113 over Tollys Nullah 5. Bridge over Western Channel near Natun Pally., Rs.4,84,947/-, Rs.9,699/-, 09 months, **Last date & time of Online Bid submission:** 20.04.2025, Time: 14.00 hrs., for details contact the above office or visit both websites. (KMDA-22)
www.kmda.wb.gov.in
www.wbtenders.gov.in ICA-T7409(1)/2025